



খামেনির শেষ বিদায়ে তেহরান মেট্রোতে ৭০ লাখের বেশি যাত্রী



সংগৃহীত ছবি

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির শেষ বিদায় অনুষ্ঠানে অংশ নিতে রাজধানী তেহরানে ব্যাপক জনসমাগম হয়েছে। এ সময় একদিনে তেহরান মেট্রোতে ৭০ লাখের বেশি যাত্রী রেকর্ড হয়েছে বলে জানিয়েছে দেশটির আধা-সরকারি সংবাদ সংস্থা তাসনিম।

প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, শনিবার (৪ জুলাই) বিকেল সাড়ে ৫টা থেকে রোববার সকাল ৭টা পর্যন্ত মেট্রো নেটওয়ার্কে ৭০ লাখেরও বেশি যাত্রী যাতায়াত করেছেন। সাধারণ দিনের তুলনায় এ সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি।

তাসনিমের প্রতিবেদনে বলা হয়েছে, খামেনির জানাজা ও শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে অংশ নিতে রাজধানীতে মানুষের ঢল নামায় গণপরিবহনে এই অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছে। ইমাম খামেনি গ্র্যান্ড মোসাল্লায় আয়োজিত অনুষ্ঠানে ইরানের বিভিন্ন অঞ্চল থেকে আসা মানুষ ছাড়াও বিদেশি প্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিত্ব ও ধর্মীয় নেতারা অংশ নিয়েছেন। যানজট এড়াতে এবং মানুষের চলাচল সহজ করতে আয়োজকদের পক্ষ থেকে ব্যক্তিগত গাড়ির পরিবর্তে মেট্রো ব্যবহার করার আহ্বান জানানো হয়। এতে স্বল্প সময়ের মধ্যে বিপুলসংখ্যক মানুষের যাতায়াত নিশ্চিত করা সম্ভব হয়েছে।

তাসনিম আরও জানিয়েছে, খামেনির শেষ বিদায় উপলক্ষে আয়োজিত কর্মসূচি রোববার রাত পর্যন্ত চলবে। অনুষ্ঠান ঘিরে রাজধানীজুড়ে জোরদার নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে এবং গণপরিবহন সেবাও বিশেষ ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।